



THE CITY OF NEW YORK

DEPARTMENT OF HEALTH AND MENTAL HYGIENE

Michael R. Bloomberg
Mayor

Thomas R. Frieden, M.D., M.P.H.
Commissioner

nyc.gov/health

সীসায়ুক্ত কাজল এবং সুরমা

নীচের তথ্যটিতে আমদানীকৃত কাজল এবং সুরমা যার মধ্যে বেশী পরিমাণে সীসা থাকে তার সম্বন্ধে লেখা আছে।

কাজল এবং সুরমা কী জিনিষ?

কাজল এবং সুরমা চোখের প্রসাধন সামগ্রী যা এশিয়া, আফ্রিকা এবং মধ্য পূর্ব থেকে আসে। এই উপাদানগুলির মধ্যে কিছুতে সীসা থাকে। কিছু লোক এই সামগ্রী ব্যবহার করে সীসাঘটিত বিষক্রিয়ায় ভুগেছে।

সীসা বিপজ্জনক কেন?

সীসা একটা বিষাক্ত ধাতু যা ব্রেন, নারভাস সিস্টেম, রীপ্রডাক্টিভ সিস্টেম, কিডনি এবং শরীরের অন্যান্য অংশের ক্ষতি করে। যে সমস্ত বাচ্চা এবং গর্ভবতী মহিলা এই সীসায়ুক্ত উপাদানগুলি ব্যবহার করে বিশেষ করে তাদের জন্য এটি বিপজ্জনক।

কাজল অথবা সুরমা থেকে সীসা কিভাবে শরীরে প্রবেশ করে?

যখন কোনো ব্যক্তি কাজল অথবা সুরমা ব্যবহার করে তখন তাদের হাতে এই জিনিষ লাগতে পারে। ব্যবহারকারীর খাবার সময় সীসা হাত থেকে মুখে পৌঁছাতে পারে। কিছু সীসা চোখ দিয়েও শরীরে ঢুকতে পারে।

কোন ধরণের কাজল এবং সুরমাতে সীসা থাকে?

কাজল এবং সুরমার অনেক প্রস্তুত কারক আছে। তাদের মধ্যে যে কোনোতে সীসা থাকতে পারে। কিছুদিন আগে, নিউ ইয়র্ক সিটি হেল্থ ডিপার্টমেন্ট নিচের লেখা উপাদানগুলিতে সীসা পেয়েছে:

- *হ্যাসমি সুরমা স্পেশাল*, পাকিস্তানে নির্মিত
- *হ্যাসমি কাজল*, পাকিস্তানে নির্মিত
- *হ্যাসমি কোল অ্যাসাদ*, পাকিস্তানে নির্মিত
- “পিওর কোল ফ্রম দা ওয়াটারস অফ জামজাম”

আমি কিভাবে জানব যে আমার কাজল এবং সুরমাতে সীসা আছে?

ব্যবহারকারীদের পক্ষে এটা বলা শক্ত যে কোন ব্রাণ্ডগুলি সুরক্ষিত এবং কোনগুলি বিপজ্জনক। উপাদানগুলির মধ্যে সীসার নাম উল্লেখ না থাকলেও ওতে সীসা থাকতে পারে।

আমার কী করা উচিত যদি আমি কাজল অথবা সুরমা ব্যবহার করে থাকি?

- অবিলম্বে এই উপাদানগুলির ব্যবহার বন্ধ করুন।
- ডাক্তার দেখান এবং রক্তের সীসা পরীক্ষা করার জন্য অনুরোধ করুন।
- উপাদানগুলি বাচ্চাদের নাগালের বাইরে রাখুন।

সীসায়ুক্ত কাজল অথবা সুরমা সম্বন্ধে অধিক তথ্যের জন্য 212 POISONS

(212-764-7667) অথবা 311 নম্বরে যোগাযোগ করুন। দোভাষীর পরিষেবা পাওয়া যাবে।